

💵 স্বালাতে মুবাশ্শির

বিভাগ/অধ্যায়ঃ নামাযের নিয়মাবলি রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

ওয়াজেব দুআয়ে মাসুরাহ্

নবী মুবাশ্শির (ﷺ) বলেন, "যখন তোমাদের মধ্যে কেউ(শেষ) তাশাহহুদ সম্পন্ন করবে, তখন সে যেন আল্লাহর নিকট চারটি জিনিস থেকে আশ্রয় প্রার্থনা করে। এরপর সে ইচ্ছামত দুআ করবে।" দুআটি নিম্নরুপ:-

اَللّهُمَّ إِنِّيْ أَعُوْذُ بِكَ مِنْ عَذَابِ جَهَنَّمَ وَأَعُوْذُ بِكَ مِنْ عَذَابِ الْقَبْرِ وَأَعُوْذُ بِكَ مِنْ فِتْنَةِ الْمَحْيَا وَ فِتْنَةِ الْمَمَاتِ

উচ্চারণ:- আল্লা-হুস্মা ইন্নী আউযু বিকা মিন আযা-বি জাহান্নাম, অ আউযু বিকা মিন আযা-বিল ক্লাবর, অআউযু বিকা মিন ফিতনাতিল মাসীহিদ দাজ্জা-ল, অআউয বিকা মিন ফিতনাতিল মাহয়্যা অ ফিতনাতিল মামা-ত।

অর্থ:- হে আল্লাহ! নিশ্চয় আমি জাহান্নাম ও কবরের আযাব থেকে, কানা দাজ্জাল, জীবন ও মৃত্যুর ফিতনা থেকে তোমার নিকট আশ্রয় প্রার্থনা করছি। (মুসলিম, আহমাদ, মুসনাদ ২/২৩৫, আবৃদাউদ, সুনান ৯৮৩, নাসাঈ, সুনান ১৩০৯, ইবনে মাজাহ্, সুনান ৯০৯, দারেমী, সুনান, ইবনুল জারুদ ১১০, সিরাজ, আহমাদ, মুসনাদ ২/২৩৭, ৪৪৭, বায়হাকী ২/১৫৪, মিশকাত ৯৪০ নং)

তিনি বলেন, "তোমরা কবরের আযাব থেকে আল্লাহর নিকট পানাহ চাও, জাহান্নামের আযাব থেকে আল্লাহর নিকট পানাহ চাও, মাসীহ্ দাজ্জালের ফিতনা থেকে আল্লাহর নিকট পানাহ চাও এবং জীবন ও মৃত্যুর ফিতনা থেকে আল্লাহর নিকট পানাহ চাও।" (মুসলিম, সহীহ ৫৮৮ নাসাঈ, সুনান)

সুতরাং নামাযের শেষ তাশাহ্হুদে দরুদের পর অন্যান্য দুআর পূর্বে উক্ত চার প্রকার আযাব ও ফিতনা থেকে আশ্রয় প্রার্থনা করা ওয়াজেব।

এই দুআ তিনি নিজেও তাশাহ্হদে পাঠ করতেন। (বুখারী, মুসলিম, আবূদাঊদ, সুনান ৮৮০, ৯৮৪, আহমাদ, মুসনাদ, মিশকাত ৯৩৯ নং) পরন্তু সাহাবাগণকে কুরআনের সূরা শিখানোর মত উক্ত দুআও শিক্ষা দিতেন। (মুসলিম, আহমাদ, মুসনাদ, মিশকাত ৯৪১ নং)

এ সব কিছু উক্ত দুআর প্রতি বিশেষ গুরুত্ব আরোপ করে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=2913

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন